


উপজেলা পরিষদ কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/ভালুকা/উপজেলা কমিটি/২০২১-

তারিখঃ ১৬/০৯/২০২১ খ্রিঃ।

নোটিশ

ভালুকা উপজেলা পরিষদের কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২৪/০৯/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত উপজেলা কমিটির সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।








(মোঃ রফিকুল ইসলাম পিন্টু)
উপজেলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভালুকা, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
- ৪। উপজেলা কৃষি অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
- ৫। উপ-সহকারী প্রকৌশলী (সেচ), ভালুকা, ময়মনসিংহ।
- ৬। চেয়ারম্যান..... ইউ.পি. ভালুকা, ময়মনসিংহ।
- ৭। জনাব উপজেলা কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি,
ভালুকা, ময়মনসিংহ।
- ৮। অফিস কপি।

২৪/০৯/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সভায়
উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরশীট :

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবি	স্বাক্ষর
০১	জনাব মোঃ রফিকুল ইসলাম পিন্টু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা।	আহবায়ক	
০২	জনাব সেলিনা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা।	সদস্য	
০৩	চেয়ারম্যান, ৭নং মল্লিকবাড়ী ইউনিয়ন পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।	সদস্য	
০৪	চেয়ারম্যান, ১নং উথুরা ইউনিয়ন পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।	সদস্য	
০৫	উপজেলা কৃষি অফিসার, ভালুকা, ময়মনসিংহ।	সদস্য সচিব	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ।

কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ রফিকুল ইসলাম পিন্টু, উপজেলা ভাইস চেয়ারম্যান, ভালুকা, ময়মনসিংহ।

সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ : ২৪/০৯/২০২১ খ্রিঃ,


সময় : দুপুর ১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব কে ভালুকা উপজেলায় কৃষি ও সেচ কার্যক্রমের উপর গুরুত্বারোপ করেন।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>উপজেলা কৃষি অফিসার অদ্যকার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে জানান যে, ভালুকা উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম যথারীতি সৃষ্টিভাবে চলমান রয়েছে। তিনি আরো জানান যে, অত্র কৃষি অফিসের অনুকূলে ডিসেম্বর/২০২১ মাসে ৮৩৪ মে.টন ইউরিয়া সারের বরাদ্দ পাওয়া গিয়াছে। এ বছর বোরো আবাদের লক্ষ্যমাত্রা ২০৬৯০ পাওয়া গেছে। সরকার হতে ডিএপি সারের মূল্য প্রতি কেজি ২৫/- টাকা থেকে কমিয়ে ১৬/-টাকা করার মৌখিক সিদ্ধান্ত জানা গেছে, তবে তা মাঠ পর্যায়ে এখনও বাস্তবায়ন হয়নি।</p> <p>তিনি আরও জানান যে, গ্রাম গঞ্জে অনেক আলু উৎপাদিত হয়েছে তা সংরক্ষণ করতে হবে এ ব্যাপারে তিনি দ্রুত সময়ের কৃষককে দ্রুত পরামর্শ দিয়ে সাহায্য করার জন্য প্রস্তাব করেন।</p>	<p>১. গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়ন করতে হবে।</p> <p>২. ডিলারদের মাধ্যমে বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ে সার উত্তোলন এবং মূল্যের বিষয়টি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।</p> <p>৩. সভাপতি এগ্রিমেন্ট/কৃষি পণ্যের বাজার যাতে নিয়মিত চালু থাকে সেজন্যে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক নিয়মিত মনিটরিং করার জন্য পরামর্শ প্রদান করেন।</p> <p>৪. প্রত্যেক সারের দোকানে বাধ্যতামূলক ভাবে মূল্য তালিকা টানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>৫. সভায় বিস্তারিত আলোচনার পর সারের কৃত্রিম সংকট রোধ করার জন্য বিশেষ ভাবে নজরদারি বৃদ্ধি করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।</p> <p>সভায় বিস্তারিত আলোচনান্তে কৃষি ও কৃষক এই দুয়ের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে এর বিস্তার বাড়ানোর ব্যাপারে সভায় সিদ্ধান্ত হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ রফিকুল ইসলাম পিন্টু)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, ভালুকা।

তারিখঃ ২৪/০৯/২০২১ খ্রিঃ

স্মারক নং-কৃষি ও সেচ/ভালুকা/২০২১-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভালুকা, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, ভালুকা, ময়মনসিংহ।



উপজেলা কৃষি অফিসার

ভালুকা, ময়মনসিংহ।